আজকের কাগজ

তারিখ 25 DEC 1992
পৃষ্ঠা ৮ কলাম ৫৫

৩৭

৫৫

ক্যাবের জরিপ রিপোর্ট

# অধিকাংশ স্কুলে নির্ধারিত ক্লাস হয় না
# শিক্ষকরা ক্লাসে প্রাইভেট পড়তে বলেন

কাগজ প্রতিবেদক ঃ ঢাকা শহরের বেশিরভাগ স্কুলে নির্ধারিত ক্লাস হয় না শিক্ষকরা ছাত্র-ছাত্রীদের বাড়ির কাজ দিলেও বেশিরভাগ সময় তা তারা দেখেন না। ক্লাসে তারা ছাত্র-ছাত্রীদেরকে তাদের কাছে প্রাইভেট পড়ার জন্যে প্ররোচিত করেন। •কন্‌জুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) গত অক্টোবরে ঢাকার ৩০টি স্কুলে ৩২৬ জন ছাত্র-ছাত্রীর ওপর পরিচালিত এক জরিপ রিপোর্টে এ তথ্য প্রকাশ করেছে।

জরিপে দশম শ্রেণীর ৪২ দশমিক ৬২, নবম শ্রেণীর ৪২ দশমিক ৮৬, অষ্টম শ্রেণীর ৪৩ দশমিক ৪০, সপ্তম শ্রেণীর ২৬ দশমিক ৭৯, ষষ্ঠ শ্রেণীর ৩৫ দশমিক ২৯ এবং প্রথম থেকে পঞ্চম শ্রেণীর ৪৩ দশমিক ১০ ভাগ ছাত্র-ছাত্রী বলেছেন, শিক্ষকরা তাদের পুরো সিলেবাস না পড়িয়ে পুরো সিলেবাস অনুযায়ী পরীক্ষা নিয়ে থাকেন।

শিক্ষকরা ক্লাসে শিক্ষার্থীদেরকে প্রাইভেট পড়ার জন্যে প্ররোচিত করে থাকেন বলে জানিয়েছেন। দশম শ্রেণীর ৫৭ দশমিক ৩৮, ৯ম শ্রেণীর ৪১ দশমিক ২৭, ৮ম শ্রেণীর ৩৯ দশমিক ৬২, ৭ম শ্রেণীর ৫১ দশমিক ৭৯ ভাগ ও ৬ষ্ঠ শ্রেণীর ৪৫ দশমিক ১২ ভাগ শিক্ষার্থী। ১০ম শ্রেণীর ৬৫ দশমিক ৫৭, ৯ম শ্রেণীর ৮০ দশমিক ৯৫, ৮ম শ্রেণীর ৮৬ দশমিক ৭৯, ৭ম শ্রেণীর ৭৩ দশমিক ২১, ৬ষ্ঠ শ্রেণীর ৬১ দশমিক ৫৭ ভাগ শিক্ষার্থীর গৃহশিক্ষক আছে। এর মধ্যে একাধিক গৃহশিক্ষক আছে ১০ম শ্রেণীর ১৬ দশমিক ৩৯, ৯ম শ্রেণীর ৩৪ দশমিক ৯২, ৮ম শ্রেণীর ১৮ দশমিক ৮৭, ৭ম শ্রেণীর ১২ দশমিক ৫০ ও ৬ষ্ঠ শ্রেণীর ২ দশমিক ৯৪ ভাগ শিক্ষার্থীর।

১০ম শ্রেণীর ৪৯ দশমিক ১৮, ৯ম শ্রেণীর ৬০ দশমিক ৩২, ৮ম শ্রেণীর ৩০ দশমিক ১৯, ৭ম শ্রেণীর ৬২ দশমিক ৫০, ৬ষ্ঠ শ্রেণীর ৬৪ দশমিক ৭১ ভাগ শিক্ষার্থী বলেছেন, তাদের দৈনিক ৮টি ক্লাস নির্ধারিত আছে। কিন্তু নিয়মিত ৮টি ক্লাস হয় বলে জানিয়েছেন, যথাক্রমে ৩২ দশমিক ৭৯ ভাগ, ২০ দশমিক ৬৩ ভাগ, ১৬ দশমিক ৯৮ ভাগ, ৪১ দশমিক ০৭ ভাগ ও ৩২ দশমিক ৩৫ ভাগ শিক্ষার্থী।

শিক্ষার্থীরা ক্লাসে পড়া ভালোভাবে বুঝিয়ে দেন না বলে জানিয়েছেন। ১০ শ্রেণীর ২২ দশমিক ৯৫, ৯ম শ্রেণীর ২৩ দশমিক ৮১, ৮ম শ্রেণীর ২৮ দশমিক ৩১, ৭ম শ্রেণীর ১৭ দশমিক ৮৬ ও ৬ষ্ঠ শ্রেণীর ১১ দশমিক ৭৬ ভাগ শিক্ষার্থী।